**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**24 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে ২০ শয্যাযুক্ত একটি নতুন আই-সি-ইউ প্রকল্পের সূচনা ।

২) শিলচর শহরের ১৩টি সড়ক সংস্কারের জন্য ১৪ কোটি টাকার অনুমোদন প্রদান ।

৩) নেপালে সংঘটিত বাস দুর্ঘটনার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর শোক প্রকাশ । নিহত প্রত্যেক ভারতীয়র পরিবার বর্গকে ২ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদানের ঘোষণা ।

এবং

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল বেলা ১১টায় আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় ।

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে হৃদরোগীদের জন্য ২০ শয্যাযুক্ত একটি নতুন আই-সি-ইউর সূচনা করেন । ডক্টর শর্মার তিনদিন ব্যাপী বরাক উপত্যকা সফর সূচির আজ সমাপ্তি দিনে শিলচর মেডিকেল কলেজ এবং হাসপাতালে উপস্থিত হয়ে নতুন এই আই-সি-ইউ প্রকল্পের

সূচনা করা সহ মেডিকেল কলেজে নির্মীয়মান ৫শো ৫৩টি বিছানা যুক্ত জরুরীকালীন সেবা ভবণটির কাজকর্মের অগ্রগতি ক্ষতিয়ে দেখেন । নবনির্মীত এই ভবণটির কাজ আগামী নভেম্বর মাসে সম্পূর্ণ হবে বলে সংশ্লিষ্ট কতৃপক্ষ আশা প্রকাশ করেছেন । এই ভবণ নির্মানের কাজ সম্পূর্ণ হলে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের বর্তমানের ১ হাজার ৩শো ৫০টি বিছানার সংখ্যা বৃদ্ধি পেয়ে ১ হাজার ৮শো ৮৫টি হবে । জরুরী কালীন এবং জটিল রোগে আক্রান্ত রোগীদের উন্নত সেবা প্রদানের উদ্দেশ্যে ৫টি বিভাগকে সম্প্রসারিত করে এই ভবণটিতে নিয়ে আসা হবে । মুখ্যমন্ত্রী আরো বলেন যে ১ হাজার বিছানাযুক্ত আরো একটি ভবণ শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতাল প্রাঙ্গনে নির্মান করা হবে । ডক্টর শর্মা আজ মেডিকেল কলেজের কর্মরত বিভিন্ন বিভাগের মোট আসন সংখ্যা , এবং আগামী ১০ বছরে প্রয়োজনীয় তথা অতিরিক্ত চিকিৎসক এবং কর্মী সংখ্যার বিষয়টি নিয়েও পর্যালোচনা করেন । এছাড়াও এই মেডিকেল কলেজকে আরো সম্প্রসারিত করার উদ্দেশ্যে পূর্ত বিভাগকে একটি মাষ্টার প্লেন প্রস্তুত করার নির্দেশ দেন ।

মুখ্যমন্ত্রীর সঙ্গে আজ কাছাড়ের অভিভাবক মন্ত্রী জয়ন্তমল্ল বরুয়া , সাংসদ পরিমল শুক্লবৈদ্য , বিধায়ক কৌশিক রাই , শিলচর চিকিৎসা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডাক্তার ভাষ্কর গুপ্ত সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিবর্গরা উপস্থিত ছিলেন ।

---

পরে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ কাছাড় জেলা বার সংস্থার ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে বছরব্যাপী কার্যসূচীর অঙ্গ হিসেবে আয়োজিত এক সভায় মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । তিনি ভারতীয় দন্ডবিধি ( আই পি সি ) থেকে ভারতীয় ন্যায় সংহিতায় রূপান্তরের সময় গুরুত্বপূর্ণ অবদান স্বীকার করে সংস্থাকে অভিনন্দন জানান যা ভারতীয় আইনী ব্যাবস্থায় একটি ঐতিহাসিক পরিবর্তনকে চিহ্নিত করে ।

বিকেলে মূখ্যমন্ত্রী কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে দূর্গাপূজোর আগে সড়ক যোগাযোগ বৃদ্ধি করা সহ জনসাধারণের অসুবিধেগুলো দূর করার লক্ষ্যে একগুচ্ছ পরিকাঠামো প্রকল্পের কথা ঘোষনা করেন । এরমধ্যে শিলচরের ১৪ টি প্রধানসড়ককে সংস্কার করার জন্য ১৩ কোটি টাকার অনুমোদন জানানো হয়েছে । সাতটি সড়কের সংস্কারের কাজ পূজোর আগেই শেষ করা হবে এবং বাকী থাকা ৬টি সড়কের কাজ উৎসবের পর শেষ করা হবে বলে মূখ্যমন্ত্রী জানান । এছাড়াও ড.শর্মা আগামী ৩০ শে সেপ্টেম্বরের মধ্যে ৫ কোটিরও অধিক টাকা ব্যয়ে রাঙ্গিড়খাড়ি থেকে শিলচর মেডিকেল কলেজ রোড পুর্নসংস্কার করা এবং শিলচর-

কালাইন রোডের সিঙ্কিং জোন সহ এই অঞ্চলের বেশকয়েকটি গুরুত্বপূর্ন সড়ক প্রকল্পের বিষয়ে উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বন্দর , জাহাজ এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল বলেছেন যে তার মন্ত্রনালয়ের কর্মচারীদের নিরাপত্তা , সুরক্ষা , কল্যাণ এবং উন্নয়ন আরো শক্তিশালী করতে তিনি প্রতিশ্রুতিবদ্ধ । এম টি আই-এর প্রবীন আধিকারিক এবং যুব ক্যাডেটদের সম্মোধন করে মন্ত্রী এই ক্ষেত্রে সরকারের গৃহিত ব্যবস্থা সমূহের ওপর আলোকপাত করেন । তিনি বলেন যে সরকার ভারতকে শীর্ষ ১০টি সামুদ্রিক রাষ্ট্রের মধ্যে স্থান দেওয়ার লক্ষ্য নিয়ে কাজ করে চলেছে । শ্রী সনোয়াল আরো বলেন যে ভারত এই মূহুর্তে সামুদ্রিক বাণিজ্যে অনেকদূর এগিয়ে গেছে । জাহাজ নির্মান , জাহাজ মেরামতি , উপকূলীয় জাহাজ পরিবহণ এবং দেশীয় জলপথের ক্ষেত্রে ভারত সাফল্য লাভ করেছে বলেও তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

আসামের ধিং-এ একটি নাবালিকাকে ধর্ষনের ঘটনার প্রধান অভিযুক্ত তফজ্জুল ইসলামের আজ ভোরে মৃত্যু হয়েছে । আজ ভোরে সমগ্র ঘটনার প্রতীকি পুনারাবৃত্তির জন্য ওই অভিযুক্তকে ঘটনাস্থলে নিয়ে যাওয়ার সময় তার মৃত্যু হয় । ঘটনাস্থলে নিয়ে যাওয়ার সময় তফজ্জুল আলী পুলিশের হাত থেকে পালাবার চেষ্টা করে এবং সেখানেই একটি পুকুরে ঝাপ দেয় , পরে এস ডি আর এফ-এর সহায়তায় পুলিশ ওই পুকুর থেকে তার মৃতদেহ উদ্ধার করে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে নগাও জেলার ধিং-এ সংঘটিত এই নারকীয় ঘটনায় মোট তিনজন জড়িত রয়েছে । এই ঘটনার পর রাজব্যাপী ব্যাপক বিক্ষোভ অব্যাহত রয়েছে , পুলিশ অন্যান্যদের আটক করতে অভিযান চালাচ্ছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এই জঘন্য অপরাধের সঙ্গে জড়িত অপরাধীদের কোন ভাবেই রেহাই দেওয়া হবে না বলে ঘোষণা করেছিলেন । রাজ্যের পুলিশ সঞ্চালক প্রধান জি পি সিং এবং মন্ত্রী পীযুষ হাজারিকা ধিং-এ গিয়ে ওই নাবালিকার পরিবারবর্গকে ন্যায় প্রদানের নিশ্চয়তা দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বেলা ১১টায় আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে মন-কি-বাত অনুষ্ঠানের ১শো ১৩তম পর্ব । আকাশবাণী এবং দূরদর্শনের সবগুলি নেটওয়ার্ক সহ এ আই আর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাই এ্যাপের মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । এ আই আর নিউজ , ডি-ডি নিউজ ,

প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের ইউ-টিউব চ্যানেল যোগেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । প্রধানমন্ত্রীর এই অনুষ্ঠান সমাপ্ত হওয়ার কিছুক্ষণের মধ্যেই আকাশবাণী এর আঞ্চলিক ভাষায় অনুবাদ প্রচার করবে ।

---

এ আই ডি এস ওর পঞ্চম ধোয়ারবন্দ আঞ্চলিক সম্মেলন ধোয়ারবন্দের রামকৃষ্ণ বিদ্যাপীঠ স্কুলে আজঅনুষ্ঠিত হয় ।সম্মেলনের শুরুতে পতাকা উত্তোলনের পর অস্থায়ীভাবে স্থাপিত শহিদ বেদীতে ছাত্র আন্দোলের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন সম্মেলনের মুখ্যবক্তা এ আই ডি এস ওর রাজ্য কমিটির অন্যতম সহ - সভাপতি হিল্লোল ভট্টাচার্য ,সংগঠনের জেলা সভাপতি স্বাগতা ভট্টাচার্য প্রমুখ । গৌরিশ দেবের পৌরহিত্যে প্রকাশ্য অধিবেশনে বক্তব্য রাখতে গিয়ে মুখ্য বক্তা শ্রী ভট্ট াচার্য জাতীয় শিক্ষানীতি ২০২০ র সমালোচনা করে এই নীতির অধীনে শিক্ষাক্ষেত্রে ছাত্রছাত্রীরা কোনোভাবেই উপকৃত হবনা বলে উল্লেখ করে দেশের প্রতিটি সরকার শিক্ষা ক্ষেত্রে বাজেট হ্রাস করে চলেছে বলে উদ্বেগ প্রকাশ করেন । পরে সম্মেলনে ছাত্রী সহ সর্বস্তরের মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করা , বৃহত্তর ধোয়ারবন্দ অঞ্চলের বেহাল সড়কের সংস্কার করা ,ঐ অঞ্চলের সব শিক্ষাপ্রতিষ্ঠানের পরিকাঠামো উন্নতি করা ইত্যাদি প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয় । সম্মলনে আর জি কর মেডিকেল কলেজ ও ধিং সহ বিভিন্ন রাজ্যে ছাত্রী ও মহিলাদের ওপর যে বর্বরোচিত নির্যাচন হচ্ছে তার তীব্র নিন্দা জানিয়ে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবি জানানো হয় ।

---

প্রধানমন্ত্রী সৌর ঘর যোজনার সৌর বিদ্যুৎ সংযোজনের জন্য হাইলাকান্দি জেলায় এপর্যন্ত আড়াই হাজার দরখাস্ত পোর্টেলে জমা পড়েছে । কার্বন মুক্ত গ্রীন এবং ক্লিন বিদ্যুতের জন্য এই যোজনার অধীনে আবাসিক গৃহের রুফটপে সোলার প্লেট স্থাপন করে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয় ।এতে বিদ্যুতের অপচয় রোধ করা সহ অর্থের ও সাশ্রয় হয় । তিন কিলোয়াট পর্যন্ত বিদ্যুতের জন্য সোলার প্লেট স্থাপন করতে প্রায় এক লক্ষ ৮০ হাজার টাকা ব্যয় হয় ।কেন্দ্রীয় সরকার থেকে ৮৫ হাজার ৮০০ টাকা এবং রাজ্য সরকার থেকে এই প্রকল্পের জন্য ৪৫ হাজার টাকা ভতুকি দেওয়া হয় । এই প্রকল্পের জন্য পোর্টেল ডব্লু ডব্লু ডব্লু . পিএমসূর্যঘর . গভ . ইন এ গিয়ে ইচ্ছুক গ্রাহককের এই প্রকল্পের জন্য আবেদন করতে জেলা প্রশাসন থেকে বলা হয়েছে ।

---

মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজ অনুষ্ঠিত কোয়ার্টার ফাইনালে পঞ্চম দল হিসেবে উঠলো ব্রাইট ষ্টার এফ সি । ধলাই বাম নিত্যানন্দ

উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে তারা ডিমা ইয়ুথ ক্লাব দর্মিখাল দলকে ১-০ গোলের ব্যবধানে পরাজিত করেছে ।
উল্লেখ্য আজকের খেলায় সেরা খেলোয়ার নির্বাচিত হন ডিমা ইয়ুথ ক্লাব দর্মিখাল দলের ডিমোস । তার হাতে ম্যান অব দ্য ম্যাচের ট্রফি তুলে দেন ধলাই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের এস ডি ও ড: দিলীপ কুমার পাল । আগামীকালের খেলায় ডিমা কালাহাওয়র , ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্সের মুখোমুখী হবে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ গোপন সূত্রের ভিত্তিতে বাইপাসে অভিযান চালিয়ে বেশকিছু পরিমাণের নিষিদ্ধ ইয়াবা ট্যাবলেট জব্দ করতে সক্ষম হয়েছে । অতিরিক্ত পুলিশ সুপার সমীর বরুয়ার নেতৃত্বে চলা এই অভিযানে ২৬টি প্যাকেট থেকে প্রায় ৫০০ গ্রাম ইয়াবা ট্যাবলেট জব্দ করা সহ দুজন পাচারকারীকেও আটক করা হয় ।পাচারকারীরাএই ট্যাবলেটগুলো কাটলীছড়া থেকে কাছাড় জেলার কালাইনে পাচার করেছিলো বলে জানা গেছে । এর বাজারমূল্য প্রায় ২৫ লক্ষ টাকা হবে বলে পুলিশ জানিয়েছে ।

-----------------------------------------------------------------------------------